

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 16-11-2025**

**Time : 7-50 P.M**

**DEO : KB**

**Desk in Charge : Susmita M.**

**Compiling : Priya B.**

**NRT : Priya B.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১/ রাজ্যে প্রায় ৯৯ দশমিক ৬ শতাংশ ভোটদাতাকে এন্যুমারেশন ফর্ম দেওয়া হয়ে গেছে বলে নির্বাচন কমিশন সূত্রে খবর। তবে, ৩৬টি কেন্দ্রে প্রায় ৩০ শতাংশের মতো ভোটার এখনো নিখোঁজ। #SIR প্রক্রিয়ায় BLO-দের ওপর AERO বা EROরা, চাপ সৃষ্টি করছেন বলে অভিযোগ জানিয়ে ভোটকর্মী ও BLO এক্য মঞ্চ, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের হস্তক্ষেপ দাবি করেছে।
- ২/ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া নিয়ে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে পুরস্কার দিতে চলেছে নির্বাচন কমিশন।
- ৩/ নদীয়ার হাঁসখালি ভারত বাংলাদেশ সীমান্তে ধৃত পাঁচ মহিলা সহ ১০ জনের ১৩ দিনের পুলিশ হেফাজত।
- ৪/ রাজভবন থেকে অন্ত বন্টন নিয়ে তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দোপাধ্যায়-এর মন্তব্যে কড়া প্রতিক্রিয়া রাজ্যপাল ডষ্টের সি ভি আনন্দ বোস-এর। #আইনী পদক্ষেপ করার কথাও বলা হয়েছে রাজ্যপালের বিবৃতিতে।
- ৫/ নিয়োগ দুর্নীতি মামলায় অন্যতম অভিযুক্ত তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহা সংশোধনাগারে বসেই নতুন নিয়োগ প্রক্রিয়াকে প্রভাবিত করছেন বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগ।
- ৬/ ইডেনে প্রথম ক্রিকেট টেস্টে ভারতকে ৩০ রানে হারিয়ে দক্ষিণ আফ্রিকা দুই ম্যাচের সিরিজে এক/ শৃণ্য-এ এগিয়ে গেছে।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচিতে রাজ্যে প্রায় ৯৯ দশমিক ৬  
শতাংশ ভোটদাতাকে এন্যুম্যারেশন ফর্ম বিতরণ করা গেলেও, শহরাঞ্চলের বেশ  
কয়েকটি বিধানসভা কেন্দ্রে এখনও বড় সমস্যা রয়ে গিয়েছে। নির্বাচন কমিশন সূত্রে  
জানা গেছে, ৩৬টি কেন্দ্রে প্রায় ৩০ শতাংশ ভোটার নিখোঁজ। নির্দিষ্ট ঠিকানায় তিন দফা  
পরিদর্শন করা সত্ত্বেও বুথ-স্ট্রের কর্মীরা তাঁদের খুঁজে পাননি। ফলে ওইসব এলাকায়  
গণনা ফর্ম বিতরণের হার আশঙ্কাজনকভাবে কমে গেছে।

গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল, জেলা নির্বাচনী আধিকারিকদের  
সঙ্গে জরুরি বৈঠক করেন। কমিশনের আশঙ্কা, এই পরিস্থিতির আড়ালে ভুতুড়ে  
ভোটারের অস্তিত্ব লুকিয়ে আছে কি না, তা খতিয়ে দেখা জরুরি।

\*\*\*\*\*

ভোটার তালিকার বিশেষ নীবিড় সংশোধনী-SIR-এর কাজের অগ্রগতির পর্যালোচনা এবং  
বিধানসভা নির্বাচনে বৈদ্যুতিন ভোট যন্ত্র, ইভিএম-এর পরীক্ষা-নিরীক্ষা কর্মসূচিতে যোগ  
দিতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আগামী ১৮ তারিখ এরাজ্যে আসছেন। সিনিয়র  
ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে এই প্রতিনিধি দলে রয়েছেন,  
প্রিসিপাল সেক্রেটারি এস বি যোশী, মলয় মল্লিক, ডেপুটি সেক্রেটারি অভিনব  
আগরওয়াল। ওইদিন সকাল সাড়ে ১১ টায় সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার  
জ্ঞানেশ ভারতী সহ কমিশনের প্রতিনিধি দল এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক  
মনোজ কুমার আগরওয়াল কলকাতা উত্তর ও দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিকদের  
সঙ্গে বৈঠকে বসবেন। এর পর প্রতিনিধি দলটি আলিপুরে দক্ষিণ ২৪ পরগণার জেলা  
নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠকে যোগ দেবে।

বৃথবার (19th November) তারা নদীয়া ও মুর্শিদাবাদ, বৃহস্পতিবার মালদা জেলা  
সফরে যাবেন তাঁরা। প্রতিনিধি দলের সঙ্গে থাকবেন এরাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক

মনোজ কুমার আগরওয়াল, দুই অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস ও এস অরুণ প্রসাদ।

আগামী শুক্রবার (২১ নভেম্বর) ইভিএম-এর ফাস্ট লেভেল চেকিং কর্মশালায় রাজ্যের ২৪ জন জেলা নির্বাচনী আধিকারিক যোগ দিচ্ছেন। এর জন্য নির্বাচন কমিশনের আরেকটি প্রতিনিধি দলের আগামী বিশে নভেম্বর রাজ্যে আসছেন।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ সংশোধনী- SIR প্রক্রিয়ায় BLO-দের ওপর AERO বা EROরা, অহেতুক চাপ সৃষ্টি করছেন বলে অভিযোগ জানিয়ে ভোটকর্মী ও BLO এক্য মঞ্চ, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের হস্তক্ষেপ দাবি করেছে।

এব্যাপারে আজ মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালকে তাঁরা চিঠি দিয়েছেন বলে মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মণ্ডল জানিয়েছেন। সাংবাদিকদের তিনি বলেন, চিঠিতে ভোটারদের তথ্য আপলোড করার জন্য নির্ধারিত সময় আরো ৭ দিন বাড়ানোর আবেদন করা হয়েছে।

( বাইট- স্বপন )

\*\*\*\*\*

এসআইআর প্রক্রিয়ায় বিএলও-দের সুরক্ষার জন্য হেল্প লাইন থাকা উচিত বলে বিজেপি দাবি করেছে। বালুরঘাটে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, শাসক দলের চাপে পড়ে কোনো BLO যদি মৃত ভোটারের নাম তালিকায় রাখতে বাধ্য হন, তাহলে নির্বাচন কমিশনের উচিত ব্যবস্থা নেওয়া।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন (SIR) প্রক্রিয়া নিয়ে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে সক্রিয় অংশগ্রহণের জন্য পুরক্ষার দিতে চলেছে নির্বাচন কমিশন। সেই সঙ্গে সোশাল মিডিয়ায় চালু করা হয়েছে বিশেষ প্রচারাভিযান।

কমিশন জানিয়েছে, SIR প্রক্রিয়া নিয়ে কোনও ভোটার যদি ভিডিও বা রিলস তৈরি করেন এবং তা নিজের X হ্যান্ডল বা ইনস্টাগ্রাম-এ '#Har-Yogya-Matdata-Zaruri' ট্যাগ করে পোস্ট করেন, তবে কমিশন সেই রিলস বা ভিডিও তাদের সমস্ত অফিসিয়াল প্ল্যাটফর্মে প্রকাশ করবে। পাশাপাশি নির্বাচিত ভিডিও নির্মাতাদের পুরস্কৃতও করা হবে।

\*\*\*\*\*

নদীয়ার হাঁসখালি ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে পাঁচ মহিলা সহ ১০ জন বাংলাদেশীকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ তাদের রাগাঘাট আদালতে তোলা হলে ১৩ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

গতরাতে এলাকায় সন্দেহজনকভাবে তাদের ঘোরাঘুরি করতে দেখে সন্দেহ হওয়ায় জিজ্ঞাসাবাদ করে পুলিশ। জেরায় অসঙ্গতি মেলায় তাদের গ্রেপ্তার করা হয়। ধূতরা বাংলাদেশের যশোর জেলার বাসিন্দা বলে জানা গেছে। তাদের কাছে কোনো বৈধ কাগজপত্র মেলেনি।

\*\*\*\*\*

রাজভবন থেকে অন্ত-শন্ত্র বন্টন করা হচ্ছে বলে শ্রীরামপুরের তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দোপাধ্যায়-এর মন্তব্যে কড়া প্রতিক্রিয়া জানিয়েছেন রাজ্যপাল ডষ্টের সি ভি আনন্দ বোস। সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যপাল বলেছেন, এই ধরণের কুর্চিকর মন্তব্য, সাংবিধানিক একটি প্রতিষ্ঠানের মানহানির সমান। এই অভিযোগ প্রমাণ করতে না পারলে সাংসদকে বাংলার মানুষের কাছে ক্ষমা চাহিতে হবে বলে রাজ্যপাল জানান।

( বাইট- রাজ্যপাল )

এদিকে, রাজভবনে অন্তর্শন্ত্র লোকানো রয়েছে কিনা, তা' খুঁজে দেখতে আজ ভোর থেকে নাগরিক সমাজ এবং সাংবাদিকদের জন্য রাজভবনের দরজা খুলে দেওয়া হয়। এক বিবৃতিতে বলা হয়, সর্বোচ্চ ১০০ জন সেখানে প্রবেশ করতে পারবেন। সাংসদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার কথাও বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। যেহেতু রাজভবনের

নিরাপত্তার দায়িত্বে রয়েছে কলকাতা পুলিশ, তাই সাংসদের অভিযোগ সত্য হলে, এব্যাপারে তদন্ত হওয়া উচিত। লোকসভার অধ্যক্ষের কাছেও এবিষয়ে তদন্তের অনুরোধ করা হবে বলে বিবৃতিতে জানিয়েছে রাজসভন।

এদিকে, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অবিলম্বে কল্যান বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে মানহানির মামলা করার দাবী জানিয়েছেন। বালুরঘাটে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, এই ধরণের মন্তব্য করার জন্য তাঁর সাংসদ পদ খারিজ হওয়া উচিত।

( বাইট- সুকান্ত )

\*\*\*\*\*

নিয়োগ দুর্নীতি মামলায় অন্যতম অভিযুক্ত মুশিদাবাদের বড়ঢার তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহা সংশোধনাগারে বসেই নতুন নিয়োগ প্রক্রিয়াকে প্রভাবিত করছেন বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের হরিপুরে বিজেপি কার্যালয়ে আজ এক সাংবাদিক বৈঠকে শ্রী অধিকারী নিজের মোবাইল থেকে এসংক্রান্ত বেশ কিছু ভিডিও ও অডিও প্রকাশ্যে আনেন। তিনি বলেন, সংশোধনাগারে বসে ফোন ব্যাবহার করছেন ওই বিধায়ক।

( বাইট- শুভেন্দু )

\*\*\*\*\*

৬৭-তম আকাশবাণী সংগীত সম্মেলনের দ্বিতীয় দিনে আজ ভারতীয় জাদুঘরের আশুতোষ জন্ম শতবার্ষিকী প্রেক্ষাগৃহে অনুষ্ঠানের সূচনা করেন আকাশবাণীর ও দূরদর্শনের পূর্বাঞ্চলীয় অতিরিক্ত মহা নির্দেশক, ব্রডকাস্ট অপারেশন, ঝুঁব নন্দ। উপস্থিত ছিলেন আকাশবাণী কলকাতার অনুষ্ঠান বিভাগের প্রধান মিতালী দত্ত এবং কমার্শিয়াল ব্রডকাস্ট সার্ভিস - বা বাণিজ্যিক সম্প্রচার পরিষেবার প্রধান সুপ্রত বন্দ্যোপাধ্যায়ও। রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করেন অগ্নিভ বন্দ্যোপাধ্যায়।

\*\*\*\*\*

ইডেনে প্রথম ক্রিকেট টেস্টে ভারতকে ৩০ রানে হারিয়ে দক্ষিণ আফ্রিকা দুই ম্যাচের টেস্ট সিরিজে ১-০য় এগিয়ে গেছে। আজ ম্যাচের উভেজনাপূর্ণ তৃতীয় দিনে মধ্যাহ্নভোজের বিরতির আগে দক্ষিণ আফ্রিকার দ্বিতীয় ইনিংস ১৫৩ রানে শেষ হয়। ম্যাচ জয়ের জন্য ১২৪ রানের লক্ষ্যে দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে ভারত চা পানের বিরতির আগে ৯৩ রানে অলআউট হয়ে যায়। ১৫ বছর পর ভারতের মাটিতে টেস্ট ম্যাচ জিতলো দক্ষিণ আফ্রিকা।

একটি প্রতিবেদন-

( ভিসি- অরিজিত দত্ত )

\*\*\*\*\*

কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমি গ্রাউন্ডে রঞ্জি ট্রফি ক্রিকেটের প্রথম দিনে বাংলার বিরুদ্ধে অসম প্রথম ইনিংসে ৮ উইকেটে ১৯৪ রান করেছে।

\*\*\*\*\*